অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন বিংহ্যামটনে 100 এর বেশি নতুন সাশ্রয়ী এবং সমর্থক অ্যাপার্টমেন্টের নির্মাণকাজ চলছে

কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টসে অনসাইট সমর্থক সেবা; বিস্তৃত শক্তি দক্ষ ব্যবস্থা থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একটি খালি গুদামঘর এবং অফিস ভবনকে 111টি উচ্চমানের সাশ্রয়ী অ্যাপার্টমেন্টে রূপান্তর করার নির্মাণকাজ শুরু হয়েছে, এর মধ্যে অর্ধেকের বেশি গৃহহীন ভেটেরান এবং স্বাধীনভাবে বসবাস করার জন্য সমর্থক সেবা প্রয়োজন এমন অন্যান্য দুর্বল জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে।

"কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টস (Court Street Apartments) নিশ্চিত করবে যাতে 100 এর বেশি পরিবার ও ভেটেরান সাধ্যের মধ্যে বিংহ্যামটনে বাস করতে পারে এবং একই সাথে সিটির অব্যাহত পুনরুজ্জীবন প্রয়াসকে সমর্থন করার জন্য খালি স্থানকে পুনরায় ব্যবহার করবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সর্বপ্রথম প্রোহাউজিং কমিউনিটিজের (Pro-Housing Communities) একটি, বিংহ্যামটন কীভাবে সাশ্রয়ী আবাসনকে সমর্থন করা অব্যাহত রেখেছে তা এই প্রকল্পটি চিত্রিত করে। একত্রে, আমরা এমন উদ্ভাবনী ডেভেলপমেন্ট তৈরি করতে পারবো যা নতুন বাসার সরবরাহ বৃদ্ধি করতে, দুর্বল জনগোষ্ঠীকে সমর্থন করতে, এবং আমাদের ডাউনটাউনসমূহে টেকসই, শক্তি দক্ষ ভবন নিয়ে আসতে পারবে।"

1947 থেকে 2011 পর্যন্ত শারীরিক ও মানসিক অক্ষমতাসহ স্থানীয় বাসিন্দাদের চাকরির প্রশিক্ষণ এবং মেডিকেল সেবা প্রদান করা ঐতিহাসিক শেল্টার্ড ওয়ার্কশপ ফর দ্য ডিজেবল্ড বিল্ডিংয়ের (Sheltered Workshop for the Disabled Building) অভিযোজিত পুনর্ব্যবহারের অংশ হিসেবে কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টসে 80টি পুনর্বাসিত অ্যাপার্টমেন্ট থাকবে। ভবনে একটি সংযোজন হিসেবে একত্রিশটি অ্যাপার্টমেন্ট নতুনভাবে নির্মাণ করা হবে। এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জন করা গৃহস্থালির জন্য সকল ইউনিট সংরক্ষিত থাকবে।

গত পাঁচ বছরে নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) সাউদার্ন টিয়ারে 3,400টি সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করেছে। কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টস এই প্রচেষ্টা অব্যাহত রেখেছে এবং এটি হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের বড় পরিসরের আবাসন পরিকল্পনার একটি অংশ যেটি 10,000 প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সহ 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নিউ ইয়র্ক জুড়ে তৈরি বা সংরক্ষণ করবে।

সম্পূর্ণ বৈদ্যুতিক প্রকল্পটি নতুন নির্মাণ প্রকল্পের জন্য HCR এর টেকসই দশার নির্দেশাবলী (Sustainability Guidelines) মেনে চলে। শক্তি দক্ষ ব্যবস্থার মধ্যে রয়েছে হিটিং এবং কুলিংয়ের জন্য একটি কেন্দ্রীয় শক্তি পুনরুদ্ধার ভেন্টিলেশন (energy recovery ventilation, ERV) ব্যবস্থা, বৈদ্যুতিক হিট পাম্প, এবং বাতাসের মান উন্নত করতে এবং দূষকের সংস্পর্শ হ্রাস করার জন্য সংযোজিত ইন্স্যুলেশন।

এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative, ESSHI) অংশ হিসেবে গৃহহীন ভেটেরান এবং মাদক ব্যবহার ব্যাধি বা মানসিক অসুস্থ ব্যক্তিদের জন্য 60টি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। ডেভেলপমেন্টটি কেস ব্যবস্থাপনা, মেডিকেল বা মাদক ব্যবহার ব্যাধির সমস্যা স্থিতিশীল করতে সহায়তা, চাকরি বা শিক্ষার জন্য লক্ষ্য স্থির করা, এবং আরো স্বাধীন হওয়ার মতো অনসাইট সমর্থক সেবা প্রদান করে।

কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টস আনুমানিক 14.9 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করা HCR এর নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credit) কর্মসূচি, HCR এর সমর্থক আবাসন সুযোগ কর্মসূচি (Supportive Housing Opportunity Program) থেকে 14.8 মিলিয়ন মার্কিন ডলার, অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program, HHAP) থেকে 6 মিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ (Clean Energy Initiative) থেকে 1.2 মিলিয়ন মার্কিন ডলার, এবং 700,000 মার্কিন ডলার স্থায়ী কর মওকুফ স্থায়ী বন্ড দ্বারা সমর্থিত হচ্ছে। নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল ও স্টেটের ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিটের (Historic Rehabilitation Tax Credits) ব্যবহারের ব্যবস্থা করেছে যা প্রায় 6.4 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি প্রদান করবে বলে অনুমান করা হচ্ছে।

HCR এর প্রো হাউজিং কমিউনিটিজ প্রকল্প আবাসন বিকাশের প্রতি প্রতিশ্রুতির জন্য মিউনিসিপ্যালিটিসমূহকে স্বীকৃতি দান করে। 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনাধীন তহবিল পাওয়ার জন্য প্রো হাউজিং কমিউনিটিজ প্রত্যয়ন পাওয়া মিউনিসিপ্যালিটিগুলির জন্য আবশ্যক।

HCR এর কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "এই প্রকল্পটি হলো আমাদের প্রো হাউজিং কমিউনিটিজ কর্মসূচি কার্যকর হওয়ার একটি উদাহরণ। বিংহ্যামটন হলো প্রথম প্রত্যয়িত প্রো হাউজিং কমিউনিটিসমূহের মধ্যে একটি এবং হেলিও হেলথ (Helio Health) ও সিটির সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত যেহেতু তারা 100 এর বেশি গৃহস্থালির জন্য সরবরাহ বৃদ্ধি করতে এবং জীবনযাপনের মান উন্নত করতে কাজ করার জন্য অবসানের প্রতি তাদের প্রতিশ্রুতিকে ব্যবহার করছে। আবাসন সঙ্কট সমাধানে নেতৃত্ব প্রদানের জন্য এবং এই সৃজনশীল প্রকল্পের কাজ শুরু করার জন্য আমাদের অংশীদারদেরকে ধন্যবাদ জানাচ্ছি।"

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টস ভেটেরান এবং মানসিক অসুস্থতা বা মাদক ব্যবহার ব্যাধি থাকা

ব্যক্তিসহ গৃহহীনতায় ভুগতে থাকা 60 ব্যক্তিকে স্থায়ী সমর্থক সেবা প্রদান করবে, নিশ্চিত করবে যাতে তাদের কাছে বসবাসের জন্য একটি নিরাপদ স্থান থাকে এবং তাদের জীবন স্থিতিশীল করার জন্য প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ থাকে। আমাদের পুরো স্টেটে দুর্বল নিউ ইয়র্কবাসীর জন্য স্থায়ী সমর্থক আবাসনের উপলভ্যতা বৃদ্ধি করার প্রতি গভর্নর হোকলের গভীর প্রতিশ্রুতির জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার প্রো টেম্পোর র্যান্ডি সিমোন্স বলেন, "নিউ ইয়র্কবাসীর আজকের প্রয়োজন মেটানোর জন্য আমাদের ঐতিহাসিক ভবনের অভিযোজিত পুনর্ব্যবহার করা হলে তা আমাদেরকে একাধিক লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে: পরিবেশগত টেকসই অবস্থা, সম্প্রদায়ের বিনিয়োগ, এবং নিরাপদ ও সমর্থক আবাসন। নিজেদের ঐতিহাসিক সংস্থানের দিকে সৃজনশীল নজর প্রদান এবং এই সম্পদগুলিতে প্রাণসঞ্চার করতে ইচ্ছুক সম্প্রদায়সমূহের আমরা প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর লিয়া ওয়েব বলেন, "মানসম্পন্ন, সাশ্রয়ী, এবং সমর্থক আবাসন পাওয়ার সুযোগ হলো আমাদের সম্প্রদায়ের একটি অতি গুরুত্বপূর্ণ চাহিদা। বিংহ্যামটনের খালি ভবনসমূহকে গৃহহীন ভেটেরান, মাদক ব্যাধিতে ভুগতে থাকা ব্যক্তিদের জন্য আবাসনে রূপান্তর করার জন্য আমাদের সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের আমি প্রশংসা করছি। গৃহহীনদের জন্য গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল, কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টসের অব্যাহত কাজের জন্য তাদেরকে ধন্যবাদ। মুদ্রাস্ফীতি এখন সর্বকালের সর্বোচ্চ; তাই ভাড়ার মূল্য এবং অন্যান্য কারণে সাউদার্ন টিয়ারে আমরা আরো বেশি মানুষকে গৃহহীন হতে দেখছি। এইসব পুনর্বাসিত অ্যাপার্টমেন্টগুলি শুধু বিংহ্যামটনের গৃহহীনতার সমাধান করবে না বরং এছাড়াও এই প্রক্রিয়ায় টেকসই শক্তির ব্যবহার করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসনের উপলভ্যতা আমাদের সম্প্রদায়ের একটি শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে। ঐতিহাসিক শেল্টার্ড ওয়ার্কশপ কমপ্লেক্সে হেলিও হেলথের পরিকল্পিত রূপান্তর সেই চাহিদা পূরণে নিঃসন্দেহে সাহায্য করবে, এবং একই সাথে কোর্ট স্ট্রিটে নতুন প্রাণসঞ্চার করবে। সমর্থক আবাসনের ইউনিটগুলি বিশেষভাবে প্রয়োজন এবং এটি আমাদের সেবা প্রদান ব্যবস্থার একটি বিশাল শূন্যস্থান পূরণ করবে। আমাদের সম্প্রদায়ে তাদের বিনিয়োগের জন্য আমি হেলিওর প্রশংসা করছি এবং একত্রে এসে এটিকে সম্ভব করার জন্য গভর্নর, স্টেট এজেন্সি, এবং অন্যান্য অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি।"

ব্রুম কাউন্টি নির্বাহী জ্যাসন গার্নার বলেন, "এই প্রকল্পটি আমাদের সম্প্রদায়ের জন্য একটি বিশাল অগ্রগামী ধাপ। এই ভবনকে একটি নিরাপদ, সাশ্রয়ী আবাসনে রূপান্তর করা হলে তা ব্রুম কাউন্টির বাসিন্দাদের জন্য অতি প্রয়োজনীয় বাসা ও সমর্থন প্রদান করবে। এটিকে সম্ভব করার জন্য গভর্নর হোকল এবং জড়িত সকলকে ধন্যবাদ।"

বিংহ্যামটন সিটির মেয়র জ্যারেড এম ক্রাহাম বলেন, "গর্বিত একটি প্রো হাউজিং কমিউনিটি হিসেবে বিংহ্যামটন আমাদের বাসিন্দাদের চাহিদা পূরণ করার জন্য সকল ধরনের আবাসন গঠনে প্রতিশ্রুতিবদ্ধ আছে। প্রকল্পটি ডাউনটাউনের বৃহত্তম খালি ভবনসমূহের একটিকে পুনর্জীবিত করবে এবং গৃহহীন ভেটেরানসহ আমাদের সবথেকে দুর্বল কিছু

বাসিন্দাদের জন্য নিরাপদ, সমর্থক আবাসন তৈরি করবে। হোকল এবং আমাদের স্টেট সংস্থা অংশীদারদের ধন্যবাদ তাদের অব্যাহত অংশীদারিত্ব ও সমর্থনের জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ।"

হেলিও হেলথের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথলিন গ্যাফনি -ব্যাব বলেন, "বিংহ্যামটন অঞ্চলে অতি প্রয়োজনীয় আবাসন এবং ESSHI কেস ব্যবস্থাপিত ইউনিট নিয়ে আসতে HCR, HHAP, ঈগল স্টার এবং CSD এর সাথে অংশীদারিত্ব করতে পেরে হেলিও হেলথ সম্মানিত বোধ করছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন